অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/16/2022 **গভর্নর ক্যাথি হোকল**

অন্টারিও কাউন্টিতে রিয়েল ইটস-এর নতুন সদরদপ্তরের আনুষ্ঠানিক সাড়ম্বর উদ্বোধন ঘোষণা করেছেন গভর্নর হোকল

এই তাজা খাবার ডেলিভারি সার্ভিস জেনেভা টাউনে 80,000 বর্গফুট জায়গা নিয়ে অবস্থিত উৎপাদন ফ্যাসিলিটিতে স্থানান্তর হচ্ছে

এই প্রকল্প "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর পরিপূরক - যা কমিউনিটিকে পুনরুজ্জীবিত করার ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য এই অঞ্চলের সমন্বিত কৌশল

গভর্নর ক্যাথি হোকল আজ অন্টারিও কাউন্টির জেনেভা টাউনে 1 মন্টমোরেন্সি ওয়ে (রুট 5 ও 20)-এ অবস্থিত মিল ডেলিভারি সার্ভিস রিয়েল ইটস (RealEats)-এর 80,000 বর্গফুট জায়গা নিয়ে অবস্থিত উৎপাদন কেন্দ্রের আনুষ্ঠানিক সাড়ম্বর উদ্বোধনের ঘোষণা দিয়েছেন। একটি স্থানীয় বিজনেস ইনকিউবেটর, জেনেভা এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট সেন্টারে (Geneva Enterprise Development Center) মূল ঠিকানা থাকা, রিয়েল ইটস জেনেভায় এর নতুন অবস্থান থেকে পুরোপুরিভাবে রান্না করা, খামার থেকে সংগৃহীত তাজা কাস্টমাইজযোগ্য খাবার তৈর ও সরবরাহ করবে, যেখানে এটি বর্তমানে আনুমানিক 160 জন ব্যক্তির কর্মসংস্থানের ব্যবস্থা করেছে। এই সম্প্রসারণ ফিঙ্গার লেকস অঞ্চলের প্রাণবন্ত কৃষি ও খাদ্য প্রক্রিয়াকরণ খাতের সঙ্গে যোগ হচ্ছে, যেটি আঞ্চলিক পর্যায়ে নকশাকৃত ফিঙ্গার লেকস ফরোয়ার্ড (Finger Lakes Forward) অর্থনৈতিক উন্নয়ন পরিকল্পনার একটি কেন্দ্রীয় অংশ।

"নিউ ইয়র্ক স্টেট বিশ্বের সেরা কিছু খাবারের জন্য বিশ্বব্যাপী সুপরিচিত, এবং কৃষি শিল্প আমাদের স্টেটব্যাপী অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ অংশ," **বলেছেন গভর্নর হোকল।** "রিয়েল ইটস-এর মতো সফল কোম্পানিগুলোতে আমাদের বিনিয়োগ বৃদ্ধি অব্যাহত রাখার মধ্য দিয়ে আমরা কৃষি-ব্যবসা শিল্পের ভবিষ্যতের দিকে নজর দেওয়া স্টার্টআপগুলোকে শক্তিশালী করে তুলছি। আমরা এসব উদ্ভাবনমূলক আইডিয়া লালন করতে, কর্মসংস্থান বৃদ্ধি ত্বরাণ্বিত করতে, এবং আঞ্চলিক ও স্টেটব্যাপী অর্থনীতিকে আরো বেশি শক্তিশালী করতে দৃঢ় প্রতিজ্ঞ।"

2017 সালে প্রতিষ্ঠিত, রিয়েল ইটস স্বাস্থ্যকর, নিয়ন্ত্রিত পরিমাণের, শেফ দ্বারা রান্নাকৃত মিল সরাসরি যুক্তরাষ্ট্রের বেশিরভাগ অংশজুড়ে অবস্থিত বাড়িগুলোতে পৌঁছে দেয়। রিয়েল ইটস এটির কার্যক্রম সম্প্রসারণের জন্য নিউ ইয়র্ককে, সুনির্দিষ্টভাবে জেনেভাকে বেছে নেওয়ার কারণ হলো বিশ্বব্যাপী সুপরিচিত ফিঙ্গার লেকস কৃষি অঞ্চলে এটির কেন্দ্রীয় অবস্থান। এছাড়াও

জেনেভাতে রয়েছে সেন্টার অব এক্সিলেন্স ইন ফুড এন্ড এগ্রিকালচার অ্যাট কর্নেল এগ্রিটেক (Center of Excellence in Food and Agriculture at Cornell AgriTech) - এধরনের প্রথম ফ্যাসিলিটি যা নিউ ইয়র্কের কৃষি ও খাদ্য শিল্পের ব্যবসায়িক উন্নয়ন ত্বরাণ্বিত করতে একাধিক অংশীদারদের একসঙ্গে নিয়ে এসেছে।

কোম্পানির প্রেসিডেন্ট ও CEO, ড্যান ওয়াইজ বলেন, "ফিঙ্গার লেকস অঞ্চলে, যেখানে সব আসল খাবার রয়েছে, একটি ঠিকানা খুঁজে নিতে পেরে আমরা নিজের অত্যন্ত সৌভাগ্যবান মনে করছি। আমি কখনো কল্পনা করিনি যে আমার পরিবারে ডিনার নিয়ে তৈরি হওয়া উভয় সংকট অবস্থার সমাধান করার একটি আইডিয়া একটি উন্নত খাদ্যের ভবিষ্যত গড়ে তোলার জন্য নিবেদিত গুরুত্বপূর্ণ একটি সরকারি-বেসরকারি অংশীদারিত্বের রূপ লাভ করবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), নিউ ইয়র্ক স্টেট, অন্টারিও কাউন্টি, জেনেভা সিটি, সেন্টার অব এক্সিলেন্স ইন ফুড এন্ড এগ্রিকালচার অ্যাট কর্নেল এগ্রিটেক-এর অসাধারণ সহযোগিতা এবং আমাদের বিনিয়োগকারীদের, নিউ ইয়র্ক স্টেট কমন রিটায়ারমেন্ট ফান্ড (New York State Common Retirement Fund), হ্যামিল্টন লেন (Hamilton Lane), আর্মারি স্কয়ার ভেনচার্স (Armory Square Ventures), এক্সেল পার্টনার্স (Excell Partners) ও GNC-এর ব্যাপক সহায়তার জন্য আমরা আন্তরিকভাবে কৃতজ্ঞ, যা আমাদের কার্যক্রম সম্প্রসারণের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এই অনন্য সহযোগিতার সম্পর্ক রিয়েল ইটসকে 160টি নতুন স্থানীয় কর্মসংস্থান তৈরি, আমাদের কমিউনিটিতে উল্লেখযোগ্য ফিরতি বিনিয়োগ, এবং দেশ জুড়ে লোকজনকে স্বাস্থ্যকর সত্যিকার খাবারের পুষ্টিগত সুবিধা উপভোগ করতে সাহায্য করার সক্ষমতা দিয়েছে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট ইতোপূর্বে 500,000 ডলারের একটি অনুদান এবং আপস্টেট পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ (Upstate Revitalization Initiative) দ্বারা সমর্থিত FLXFWD ভেঞ্চার ফান্ডের ব্যবস্থাপক, এক্সেল পার্টনার্স-এর 2.45 মিলিয়ন ডলারের বিনিয়োগের মাধ্যমে জেনেভায় রিয়েল ইটস-এর অব্যাহত প্রবৃদ্ধিতে সহায়তা করেছে। এছাড়াও প্রতিশ্রুত কর্মসংস্থান প্রদানের অঙ্গীকারের বিপরীতে কর্মদক্ষতা-ভিত্তিক এক্সেলসিয়র জবস ট্যাক্স ক্রেডিট কর্মসূচির (Excelsior Jobs Tax Credit Program) মাধ্যমে 3 মিলিয়ন ডলার পর্যন্ত প্রদান করা হচ্ছে। এছাড়াও কোম্পানিটি স্টেটের সহায়তায় পরিচালিত গ্রো-NY (Grow-NY) খাদ্য ও কৃষি ব্যবসা প্রতিযোগিতার প্রথম রাউন্ডে 1 মিলিয়ন ডলার বিজয়ী হওয়ার সম্মান অর্জন করেছে, যে প্রতিযোগিতা নিউ ইয়র্ক স্টেটের ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক ও সাদার্ন টিয়ার অঞ্চলে একটি সহনশীল কৃষিখাদ্য শিল্পের উদ্ভাবনের ক্লাস্টার গড়ে তোলার জন্য নিবেদিত।

সেইসাথে, এটির স্টেটের মধ্যকার বেসরকারি ইক্যুইটি বিনিয়োগ কর্মসূচির (In-State Private Equity Investment Program) মাধ্যমে, স্টেটের কম্পট্রোলার থমাস পি. ডিনাপোলি এটির অংশীদার আর্মারি স্কয়ার ভেনচার্স ও হ্যামিল্টন লেন-এর মাধ্যমে পাঁচটি পৃথক বিনিয়োগের মধ্য দিয়ে রিয়েল ইটস-এ 7.8 মিলিয়ন ডলার বিনিয়োগ করেছেন। এই বেসরকারি ইক্যুইটি কর্মসূচির মাধ্যমে স্টেটের পেনশন ফান্ড 500টিরও বেশি কোম্পানিতে 1.6 বিলিয়ন ডলার বিনিয়োগ করেছে, যা 2001 সাল থেকে 10% অভ্যন্তরীণ রিটার্ন তৈরি করে আসছে। নিউ ইয়র্ক স্টেট কমন রিটায়ারমেন্ট ফান্ড নিউ ইয়র্কের বেসরকারি কোম্পানিগুলোতে বিনিয়োগের জন্য বিনিয়োগ ফার্মগুলোর সঙ্গে অংশীদারিত্ব গড়ে তোলে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর কমিশনার এবং প্রেসিডেন্ট ও CEO হোপ নাইট বলেন, "অন্টারিও কাউন্টিতে এই অভিনব কোম্পানির অব্যাহত সম্প্রসারণ একটি চমৎকার সংবাদ, বিশেষ করে যেহেতু তাদের শেফদের দ্বারা প্রস্তুতকৃত খাবারের জন্য স্থানীয় উৎস থেকে খাদ্য সংগ্রহ করার ব্যাপারে রিয়েল ইটস-এর চলমান অঙ্গীকারের ফলে স্থানীয় কৃষকরা যে উন্নতি লাভ করতে যাচ্ছেন। নিউ ইয়র্কের কৃষি শিল্প হলো রিয়েল ইটস-এর সফলতার এবং আমাদের স্টেটব্যাপী অর্থনীতির 'সিক্রেট সস', এবং এই কোম্পানির জন্য এটির 'শেকড়' শক্তিশালী করতে এবং ব্যবসা 'বৃদ্ধি' করতে সৌন্দর্যমন্ডিত, সমৃদ্ধ ফিঙ্গার লেকস অঞ্চলের চেয়ে ভালো আর কোনো স্থান হতে পারে না।"

স্টেটের কম্পট্রোলার থমাস পি. ডিনাপোলি বলেন, "রিয়েল ইটস নিউ ইয়র্কের নিজের ঘরে তৈরি হওয়া একটি সফলতার গল্প। এটি আপনার দোড়গোড়ায় পৌঁছে যাওয়া স্বাস্থ্যকর, সহজে প্রস্তুতযোগ্য ডিনারের বিকল্পগুলোর ক্রমবর্ধমান ভোক্তা চাহিদা পূরণ করছে, যেগুলোর মধ্যে অনেকগুলোই তৈরি হচ্ছে ফিঙ্গার লেকস অঞ্চলের তাজা খাবার থেকে। স্টেট পেনশন ফান্ড রিয়েল ইটস-এ প্রায় ৪ মিলিয়ন ডলার বিনিয়োগ করেছে কারণ কোম্পানিটি ফলাফল দেখিয়েছে এবং অনলাইন মিল সার্ভিসের চাহিদা বৃদ্ধির এই সময়ে উল্লেখযোগ্য সম্ভাবনা দেখিয়েছে। নিউ ইয়র্কের এই ব্যবসা প্রতিষ্ঠানকে একটি নতুন ফ্যাসিলিটিতে কার্যক্রম সম্প্রসারণে সাহায্য করতে পেরে আমরা গর্বিত। আমরা আমাদের স্টেটের প্রতিটি কোণায় পেনশনের ডলারগুলো কাজে লাগাচ্ছি, এবং একইসাথে মজবুত বিনিয়োগের রিটার্ন তৈরি করছি যাতে সরকারি কর্মচারীরা নিরাপদে অবসর গ্রহণ করতে পারেন।"

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "রিয়েল ইটস নিউ ইয়র্কের কৃষি শিল্প জুড়ে আমাদের দেখতে পাওয়া বৈচিত্র্য ও সৃজনশীলতার একটি অসাধারণ দৃষ্টান্ত। আমি উচ্ছসিত যে, তাদের সম্প্রসারণ ও পুনঃউদ্ভাবন অব্যাহত থাকার মধ্য দিয়ে, রিয়েল ইটস তাদের খাবারগুলো প্রস্তুতের জন্য নিউ ইয়র্কের খাদ্যগুলো ব্যবহার করবে, যা আমাদের কৃষকদের ও উৎপাদকদের সাহায্য করবে এবং আমাদের স্টেটের অফার করা সেরা দিকগুলোর উপর আলোকপাত করবে। খাদ্য গবেষণা ও উদ্ভাবনের প্রাণকেন্দ্র, জেনেভায় এই সাড়ম্বর উদ্বোধনের জন্য আমি রিয়েল ইটসকে অভিনন্দন জানাই, এবং সামনের সময়গুলোতে একটি চমৎকার অংশীদারিত্ব গঠনের প্রত্যাশা রাখি।"

স্টেট সিনেটর পামেলা হেলমিং বলেন, "জেনেভা ও 54তম ডিস্ট্রিক্টে রিয়েল ইটস-এর সদরদপ্তর স্থাপিত হচ্ছে দেখে আমরা গর্বিত। রিয়েল ইটস উদ্ভাবন ও সহযোগিতার সম্পর্কের উপর গড়ে উঠা একটি সফলতার গল্প। ফিঙ্গার লেকস অঞ্চলে তাদের অব্যাহত বিনিয়োগের জন্য এবং বিশেষ করে আমাদের স্থানীয় কৃষকদের এবং তাদের উৎপাদিত দুর্দান্ত সব খাদ্যদ্রব্যের প্রতি তাদের অঙ্গীকারাবদ্ধতার জন্য ড্যান ওয়াইজ ও রিয়েল ইটস টিমকে আমি ধন্যবাদ জানাই। জেনেভা সিটি, কর্নেল এগ্রিটেক এবং সেন্টার অব এক্সিলেন্স ইন ফুড এন্ড এগ্রিকালচার, অন্টারিও কাউন্টি, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং রিয়েল ইটস-এর বৃদ্ধি ও সফলতায় যারা সহায়তা করেছেন তাদের সবাইকে ধন্যবাদ। ফিঙ্গার লেকস সত্যিকার অর্থেই খাদ্য, পানীয় ও কৃষি ব্যবসার একটি হাব। চলুন সমৃদ্ধির দিকে এগিয়ে যাই!"

অ্যাসেম্বলিম্যান জেফ গালাহান বলেন, "রিয়েল ইটস-এর নতুন সদরদপ্তর নিউ ইয়র্কের প্রাণবন্ত কৃষি ব্যবসা শিল্পের একটি উৎকৃষ্ট দৃষ্টান্ত। টেকসই ও স্বাস্থ্যকর খাবারের বিকল্পগুলো সরবরাহ করার মাধ্যমে, রিয়েল ইটস কৃষি অর্থনীতির বৈচিত্র্যপূর্ণ প্রকৃতির প্রমাণ দেখিয়েছে। তারা শুধু নিজেদের সক্ষমতায় নতুন কর্মসংস্থানই তৈরি করেনি, বরং রিয়েল ইটস স্থানীয় কৃষকদের উৎপাদিত খাদ্য সংগ্রহ করার মাধ্যমে ফিঙ্গার লেকস অঞ্চল জুড়ে কৃষি কর্মসংস্থানগুলোকে সহায়তা করছে। রিয়েল ইটস জেনেভার জন্য একটি চমৎকার সংযোজন এবং আমি নিশ্চিত যে এই নতুন সদরদপ্তর তাদের অন্টারিও কাউন্টিতে বেড়ে উঠা ও সফলতা অর্জনের সক্ষমতা প্রদান করবে।"

জেনেভা টাউনের সুপারভাইজর মার্ক ভেনুটি বলেন, "যখন আমরা জানতে পারলাম যে রিয়েল ইটস-এর আরো বেশি জায়গা প্রয়োজন এবং তারা টাউনের বিশাল খালি ভবন নিয়ে ভাবছে, আমরা এ ব্যাপারে পূর্ণ সমর্থন দিয়েছি। আমরা চেয়েছি এই ক্রমবর্ধমান ব্যবসাটি যেন জেনেভাতে থাকে, ফলে এটির সংস্কার ব্যয় বহনে সহযোগিতা করার জন্য একটি কমিউনিটি উন্নয়ন ব্লক অনুদানের (Community Development Block Grant) জন্য আবেদন করতে টাউন কোনো দ্বিধা ছাড়াই সম্মত হয়েছে। অভিনন্দন এবং জেনেভা টাউনে স্বাগতম।"

অবসরপ্রাপ্ত স্টেট সিনেটর মাইকেল নোজোলিও, লোকেট ফিঙ্গার লেকস (LOCATE Finger Lakes)-এর চেয়ারম্যান, বলেন, "রিয়েল ইটস প্রকৃত অর্থেই ফিঙ্গার লেকস অঞ্চলের একটি সফলতার গল্প। এর ভিশনারি প্রতিষ্ঠাতা ও CEO ড্যান ওয়াইজ জেনেভা সিটি, অন্টারিও কাউন্টি, নিউ ইয়র্ক এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, সেন্টার অব এক্সিলেন্স অ্যাট কর্নেল এগ্রিটেক এবং ফিঙ্গার লেকস অঞ্চলের গতিশীল ও বৈচিত্র্যময় খাদ্য উৎপাদন বাস্তুসংস্থানের সঙ্গে গুরুত্বপূর্ণ অংশীদারিত্ব গঠনের মধ্য দিয়ে একটি সৃজনশীল ও অভিনব কোম্পানি গড়ে তুলেছেন। উদ্যোগ ও কঠোর পরিশ্রমের মধ্য দিয়ে ড্যান এবং তার রিয়েল ইটস টিম হাজার হাজার গ্রাহক আকৃষ্ট করেছেন, কয়েক মিলিয়ন খাবার তৈরি করেছেন, 160টিরও বেশি কর্মসংস্থান তৈরি করেছেন এবং ফিঙ্গার লেকস অঞ্চলের পারিবারিক খামারগুলো থেকে সংগৃহীত স্বাস্থ্যকর খাবার যুক্তরাষ্ট্র জুড়ে পরিবারগুলোর খাবারের টেবিলে পৌঁছে দেওয়ার জন্য একটি গতিময় নতুন উচ্চ-প্রযুক্তি সম্পন্ন উপায় নিয়ে এসেছেন।"

ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন-এর সহ-সভাপতি গ্রেটার রচেস্টার চেম্বার অব কমার্সের (Greater Rochester Chamber of Commerce) প্রেসিডেন্ট ও CEO, বব ডাফি, এবং SUNY জেনেসিও-এর প্রেসিডেন্ট ডেনিস ব্যাটলস বলেন, "FLREDC স্বীকার করে যে ভোক্তাদের স্বাস্থ্যকর, উচ্চ মানের, স্থানীয়ভাবে উৎপাদিত খাদ্যের চাহিদা বৃদ্ধির সঙ্গে সঙ্গে কৃষি ও খাদ্য শিল্পের দ্রুত পরিবর্তন ঘটছে। রিয়েল ইটস এমন ধরনের অভিনব অংশীদারিত্ব যেটির সহায়তার জন্য কাউন্সিল দৃঢ় প্রতিজ্ঞ, যে অংশীদারিত্ব আগামী বছরগুলোতে এই অতি গুরুত্বপূর্ণ শিল্পে কর্মসংস্থান ও সমৃদ্ধির সুযোগ তৈরি করবে।"

নিউ ইয়র্ক স্টেটের সেন্টার অব এক্সিলেন্স ফর ফুড এন্ড এগ্রিকালচার, কর্নেল এগ্রিটেক-এর এক্সিকিউটিভ ডিরেক্টর, ক্যাথেরিন ইয়ং বলেন, "রিয়েল ইটস-এর উদ্ভাবন ও উৎকর্ষতার প্রতি অঙ্গীকারাবদ্ধতা বাজারে তাদের একটি পৃথক অবস্থান তৈরি করে দিয়েছে। তারা আমেরিকার বিস্তৃত অঞ্চল জুড়ে স্বাস্থ্যকর খাবার, চমৎকার স্বাদ ও স্বাচ্ছন্দ্যের সন্ধান করা

ব্যক্তি ও পরিবারগুলোর জন্য অগণিত মজাদার ও পুষ্টিকর খাবার সরবরাহ করার মাধ্যমে লোকজনের খাবারের টেবিলে জায়গা করে নিয়েছে। কোম্পানিটি ফিঙ্গার লেকস অঞ্চলে একটি বৃহৎ নিয়োগকারী হিসেবে এবং নিউ ইয়র্কের কৃষিখাদ্য ব্যবস্থার উদীয়মান নেতৃত্ব হিসেবে নিজের অবস্থান প্রতিষ্ঠিত করেছে, যা কর্মসংস্থান ও অর্থনৈতিক সমৃদ্ধির চালিকাশক্তির ভূমিকা রাখবে, এবং আমাদের পারিবারিক খামারগুলোর উন্নতি সাধন করবে। সেন্টার অব এক্সিলেন্স, ফুড ভেঞ্চার সেন্টার এবং গ্রো-NY-এর মাধ্যমে তাদের সঙ্গে কাজ করতে পেরে কর্নেল গর্বিত, এবং আমরা তাদের জন্য একটি সংস্থান হিসেবে কাজ করা চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখি। আমাদের বিশ্বাস তারা তাদের নতুন এই স্থানটিতে সমৃদ্ধি অর্জন ও বেড়ে উঠার মধ্য দিয়ে আরো বেশি সফলতা অর্জন অব্যাহত রাখবে।"

হ্যামিল্টন লেনে ডিরেক্ট ইক্যুইটি ইনভেস্টমেন্টস (Direct Equity Investments)-এর ম্যানেজিং ডিরেক্টর, ডেভিড হেলগারসন বলেন, "আপস্টেট নিউ ইয়র্কের কোম্পানিগুলোকে NYSCRF প্রবৃদ্ধির জন্য মূলধন দিয়ে যে সহায়তা করছে রিয়েল ইটস তার একটি চমৎকার দৃষ্টান্ত। আরো বেশি টেকসই, আঞ্চলিকভাবে উৎপাদিত ও স্বাস্থ্য সচেতন খাদ্যের অগ্রাধিকারের দিকে এগিয়ে যাওয়ার আন্দোলনে সহায়তা করতে রিয়েল ইটসকে এই উন্নত খাদ্য প্রস্তুতকারক ফ্যাসিলিটিতে অব্যাহত সম্প্রসারণের সুযোগ প্রদান করে সহায়তা করতে পেরে হ্যামিল্টন লেন আনন্দিত বোধ করছে।"

রিয়েল ইটস সম্পর্কে আরো তথ্যের জন্য, ভিজিট করুন: https://www.realeats.com/ অথবা যোগাযোগ করুন support@realeats.com ঠিকানায়

ফিঙ্গার লেক ফরওয়ার্ড ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি এবং খাদ্য উৎপাদন, এবং উন্নত উত্পাদন সহ মূল শিল্পগুলিতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি ব্যবসগুলিকে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করতে অনুপ্রাণিত করবে - এবং জমা দেওয়া অঞ্চলের পরিকল্পনাটি 8,200-টি অবধি নতুন চাকরি প্রদান করার আশা রাখে। আরও তথ্য এখানে রয়েছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD) হচ্ছে নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক ডেভেলপমেন্ট এজেন্সি (www.esd.ny.gov)। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও ESD হলো আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর এবং স্টেটের আইকনিক পর্যটন ব্র্যান্ড "আই লাভ নিউ

ইয়র্ক" এর বিপণনের তত্ত্বাবধানকারী প্রধান প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন